(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

নম্বর: ০৮.০০.০০০০.০৪১.২২.০০৬.২০.১

তারিখ: ২২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

সরকার, পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯ এর বিধি-৩ এ 'সঞ্চয়পত্র ক্রয়ের যোগ্যতা' বিষয়ে যাহা কিছুই বলা থাকুক না কেন, জুলাই গণঅভ্যুত্থানে শহীদ পরিবারের পুরুষ সদস্য, যাঁহাদের সরকার সহায়তা বাবদ 'পরিবার সঞ্চয়পত্র' প্রদান করিতে চায়, শহীদ পরিবারের উক্ত সদস্যদের নামে 'পরিবার সঞ্চয়পত্র' ক্রয়ের ক্ষেত্রে '৬৫ ও তদুর্ধ্ব বয়স' এর বিদ্যমান শর্ত এতদ্বারা প্রত্যাহার করিল।

০২। একইসাথে, আয়কর আইন, ২০২৩ এর ধারা-২৬৪ এ সঞ্চয়পত্র ক্রয়ের জন্য 'আয়কর রিটার্ন দাখিলের প্রমাণকের বাধ্যবাধকতা' বিষয়ে যাহা কিছুই বলা থাকুক না কেন, জাতীয় পরিচয়পত্র থাকিলে, জুলাই গণঅভ্যুত্থানে শহীদ পরিবারের সদস্য, যাঁহাদের সরকার সহায়তা বাবদ যে পরিমান অর্থের 'পরিবার সঞ্চয়পত্র' প্রদান করিতে চায়, তাঁহাদের জন্য সেই পরিমান অর্থের সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে রিটার্ন দাখিলের প্রমাণকের বাধ্যবাধকতার বিদ্যমান শর্ত এতদ্বারা প্রত্যাহার করিল।

০৩। জনস্বার্থে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৬-০১-২০২৫
মকিমা বেগম
উপসচিব
mokima.begum@ird.gov.bd

নম্বর: ০৮.০০.০০০০.০৪১.২২.০০৬.২০.১/১ (১৬)

তারিখ: ২২ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৬ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধান উপদেষ্টার মুখ্যসচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
এনএসসি টাওয়ার (১৮তলা)
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০
www.nationalsavings.gov.bd

নং- ০৮.০৪.০০০০.০১২.৩১.০০৫.১৪.১৬৯

তারিখঃ ২৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জুলাই ২০২৪ খ্রি. গনঅভ্যুত্থানে শহীদ পরিবারের পুরুষ সদস্যদের পরিবার সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে বয়স ও আয়কর রিটার্ন দাখিলের প্রমাণকের বাধ্যবাধকতা প্রত্যাহার সংক্রান্ত প্রজ্ঞাপন।

সূত্র: অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র (প্রজ্ঞাপন) নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৬.; তারিখঃ ০৬-০১-২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত প্রজ্ঞাপনটি পৃষ্ঠাঙ্কনপূর্বক (Endorse) অগ্রগামী করা হলো এবং প্রজ্ঞাপন মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) প্রস্থ

স্বাঃ-

(মোঃ এনায়েত হোসেন)
উপপরিচালক (পলিসি)
ফোনঃ-০২-৪১০৫২৪৬৬
ই-মেইলঃ d.enayet@gmail.com

জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব)
স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (SPFMS)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমে প্রয়োজনীয় সংশোধনী আনয়নের অনুরোধসহ)

নং- ০৮.০৪.০০০০.০১২.৩১.০০৫.১৪.১৬৯

তারিখঃ ২৩ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট (সঞ্চয়পত্র লেনদেনকারী সকল তপসিলী ব্যাংককে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)]
২। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, আগারগাঁ, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২১৭ (সঞ্চয়পত্র লেনদেনকারী সকল ডাকঘরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)]
৩। সচিবের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। উপপরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয় (সকল) (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। সহকারী পরিচালক/সঞ্চয় অফিসার, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো/জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো, .........................
৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮। অফিস নথি

০৭/০১/২৫

(মো: এনায়েত হোসেন)
উপপরিচালক (নীতি)